

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইন (OSAPS) এর পাশাপাশি প্রচলিত অফলাইনে ভর্তির আবেদন আহবান করা যাচ্ছে। বাউবি'র যে কোনো আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ১০ অক্টোবর, ২০১৭ হতে ব্যাংক রসিদ সংগ্রহ করে সোনালী ব্যাংকের বাউবি'র নির্ধারিত শাখায় (আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র বা স্টাডি সেন্টার হতে জেনে নিতে হবে) ১০০/-টাকা জমা দিয়ে ৩১-১২-২০১৭ তারিখের মধ্যে ভর্তি ফরম ইন্টারনেট (<http://www.bou.edu.bd>) থেকে ডাউনলোড করে ভর্তি হওয়া যাবে। অফলাইনে ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ ভর্তিফরমের ফটোকপিও ব্যবহার করতে পারবেন। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া ১০ অক্টোবর, ২০১৭ থেকে শুরু হয়ে ৩১ ডিসেম্বর, ২০১৭ তে সমাপ্ত হবে।

- ভর্তির ন্যূনতম যোগ্যতা : জেএসসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- বয়স : অষ্টম শ্রেণি/সমমান পাসের ক্ষেত্রে প্রার্থীর জন্ম তারিখ ৩১-১২-১৯৯৭ এর পরে হতে পারবে না। তবে জেএসসি/জেডিসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে উক্ত বয়সসীমা প্রযোজ্য হবে না।
- ভর্তি ফরম সংগ্রহ ও জমাদান এবং ভর্তি : ১০ অক্টোবর, ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত।
- বিলম্ব ফিসহ ভর্তি সময়সীমা : ০১ জানুয়ারি, ২০১৮ থেকে ১৫ জানুয়ারি, ২০১৮ তারিখ পর্যন্ত।
- ওরিয়েন্টেশন ও টিউটোরিয়াল ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ : ১৬ মার্চ, ২০১৮।

□ ভর্তি প্রক্রিয়া

এসএসসি প্রোগ্রামে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম অনলাইন (OSAPS) এর পাশাপাশি প্রচলিত অফলাইনে চলবে।

অনলাইন (OSAPS) :

এসএসসি প্রোগ্রামে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের online (<http://osaps.bou.edu.bd>) এ প্রদত্ত তথ্য পূরণ করে বিকাশ/DBBL/শিওরক্যাশ এর মাধ্যমে বাউবি নির্ধারিত ফি ও সংশ্লিষ্ট চার্জ প্রদান করতে হবে। ট্রানজিকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ "Payment Successful" Message পাওয়ার মাধ্যমে online ভর্তি প্রক্রিয়ার ধাপ সম্পন্ন হবে। প্রাপ্ত User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত (সমন্বয়কারী কর্তৃক) সনদপত্রসমূহ প্রত্যাশিত স্টাডি সেন্টারের সমন্বয়কারীর নিকট সাত দিনের মধ্যে জমা দিতে হবে। Online আবেদন ও সনদপত্রসমূহ ভর্তির শেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের সমন্বয়কারীর নিকট জমাদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। ভর্তিচ্ছু প্রার্থীগণ online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য <http://osaps.bou.edu.bd> -তে এবং হেল্প লাইন এ উল্লিখিত মোবাইল নম্বরসমূহে অথবা বাউবি'র আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে যোগাযোগ করতে পারবে।

অফলাইন (প্রচলিত নিয়ম) :

বাউবি'র আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/ স্টাডি সেন্টার থেকে ব্যাংক রসিদ সংগ্রহ করে সোনালী ব্যাংকে বাউবি'র নির্ধারিত শাখায় (আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/ স্টাডি সেন্টার হতে জেনে নিতে হবে) ভর্তি ফরমের জন্য ১০০/- টাকা এবং কোর্স ফি বাবদ ৩৯০০/- টাকা পৃথক ব্যাংক রসিদে জমা দিতে হবে। ভর্তিচ্ছু প্রার্থী ইন্টারনেট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তি ফরম ডাউনলোড করে কিংবা ফটোকপি করে ব্যবহার করতে পারবেন। ভর্তিচ্ছু প্রার্থীকে ব্যাংকে টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবি'র জন্য), আবেদনপত্র জমা দেয়ার প্রতিপত্র (Counterfoil) এবং প্রথম শ্রেণির কর্মকর্তা/সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট আকারের ছবি ও জন্ম তারিখ উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং মূল সনদপত্র সাথে আনতে হবে (মূল কাগজ পত্রাদি/সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।

একটি স্টাডি সেন্টারে সর্বোচ্চ ৪০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বাউবি কর্তৃক নির্ধারিত সেকশনের ভিত্তিতে টিউটোরিয়াল ক্লাস পরিচালিত হবে। "ব্যবসায় শিক্ষা" ও "বিজ্ঞান শাখায়" বাউবি কর্তৃক অনুমোদিত কেন্দ্র ব্যতীত ভর্তি করা যাবে না। ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখার স্টাডি সেন্টারের নামের তালিকা সংশ্লিষ্ট আঞ্চলিক/ উপ-আঞ্চলিক কেন্দ্র হতে জানা যাবে। ভর্তি ফরমে প্রার্থীকে তার নিজস্ব অথবা যার মাধ্যমে যোগাযোগ করা সম্ভব তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

□ ভর্তি ও কোর্স ফি:

অনলাইন/অফলাইন আবেদন ফি	=	১০০/-
রেজিস্ট্রেশন ফি	=	১৫০/-
কোর্স ফি (প্রতি কোর্স ৫০০ টাকা হারে)	=	৩,৫০০/-
একাডেমিক ক্যালেন্ডার ফি	=	৫০/-
ডিজিটাল / প্লাস্টিক আইডি কার্ড	=	২০০/-

সর্বমোট ভর্তি ফি = ৪,০০০/- (ন্যূনতম)

ব্যবহারিক কোর্সপ্রতি (প্রযোজ্য ক্ষেত্রে) অতিরিক্ত ১০০ (একশত) টাকা জমা দিতে হবে।

মানবিক ও ব্যবসায় শাখার জন্য ৪০০০/- টাকা এবং বিজ্ঞান বিভাগের জন্য ৪২০০/- টাকা প্রযোজ্য।

বিপ্লবঃ ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোনো পত্র বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে না।

কোনো অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে সেক্ষেত্রে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় শিক্ষার্থীকে সঠিক তথ্য প্রদান করতে হবে। ভুল তথ্য প্রদান করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবি'র একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।



(সাবিনা ইয়াসমিন)

ডিন

ওপেন স্কুল, বাউবি